**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ ভ্যাট বিভাগ ]**

**সাধারণ আদেশ নং- ০৮/মূসক/২০২২, তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।**

**বিষয়ঃ তৈরী পোষাক প্রস্তুতকারী বন্ডেড প্রতিষ্ঠানের মধ্যে সাব-কন্ট্রাক্টের ভিত্তিতে পণ্য সরবরাহের ক্ষেত্রে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।**

যেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২৩ অনুযায়ী রপ্তানির নিমিত্তে পণ্য সরবরাহ শূন্য হার বিশিষ্ট; এবং

যেহেতু, তৈরী পোষাক প্রস্তুতকারী বন্ডেড প্রতিষ্ঠানসমূহ রপ্তানির নিমিত্তে পণ্য উৎপাদন করিয়া থাকে এবং উক্ত পণ্য উৎপাদনের বিভিন্ন পর্যায়ে উক্ত বন্ডেড প্রতিষ্ঠানসমূহ উহাদের মধ্যে সাব-কন্ট্রাক্টের ভিত্তিতে কার্য সম্পাদন করিয়া থাকে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, তৈরী পোষাক প্রস্তুতকারী বন্ডেড প্রতিষ্ঠানসমূহের মধ্যে সাব-কন্ট্রাক্টের ভিত্তিতে সম্পাদিত কার্যসমূহের বিপরীতে নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে স্থানীয় উৎপাদন পর্যায়ে সাব-কন্ট্রাক্ট গ্রহণকারীর উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল:

**শর্তাবলি:**

(ক) সাব-কন্ট্রাক্ট গ্রহণকারী ও প্রদানকারী উভয়েরই বন্ডেড সুবিধা থাকিতে হইবে;

(খ) সাব-কন্ট্রাক্ট প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেটের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে; এবং

(গ) সাব-কন্ট্রাক্ট প্রদানকারী ও সাব-কন্ট্রাক্ট গ্রহণকারী কর্তৃক সাব-কন্ট্রাক্টের মাধ্যমে সম্পাদিত কার্যসমূহের তালিকা প্রতি কর মেয়াদান্তে রিটার্ণে প্রদর্শনসহ সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ে দাখিল করিতে হইবে; এতদ্ব্যতীত, উক্ত তালিকা সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেটে দাখিল করিতে হইবে।

০২। এই আদেশ ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**( কাজী ফরিদ উদ্দীন )**
**প্রথম সচিব (মূসক নীতি)**